

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iressppw-brdb.gov.bd


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.০০৬.২৩. ২১৫৭

তারিখ: ২১/১০/২০২৪ খ্রি

বিষয়: স্কুল কার্যক্রমের ব্যাংক হিসাবের তথ্য প্রেরণ ও অর্থ স্থানান্তর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় হাইস্কুলগামী কিশোরীদের নিয়ে প্রতি উপজেলায় ২টি হাইস্কুলে ২টি কিশোরী সংঘ গঠন করা হয়েছে। উল্লেখিত কিশোরী সংঘের কিশোরীগণ প্রতিমাসে সঞ্চয় জমা করেন এবং তার বিপরীতে সরকার থেকে দ্বিগুন হারে উৎসাহ প্রণোদনা প্রদান করা হয়। প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্পের আওতায়ভুক্ত সকল কিশোরীদের নামে আলাদা ব্যাংক হিসাব খোলার নির্দেশনা প্রদান করায় বাংলাদেশ কৃষি ব্যাংকের সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী সকল কিশোরীর ব্যক্তিগত ব্যাংক হিসাব বাংলাদেশ কৃষি ব্যাংকে খোলার কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে প্রায় ৫০০০ জন কিশোরীর ব্যাংক হিসাব খোলা সম্পন্ন হয়েছে এবং বাকী কিশোরীদের ব্যাংক হিসাব আগামী ১৫/১১/২০২৪ তারিখের মধ্যে খোলা সম্ভব হবে।

এমতাবস্থায়, উপজেলায় রক্ষিত কিশোরী হিসাবের ৩১/১০/২০২৪ পর্যন্ত জমাকৃত সমুদয় টাকা (জমাকৃত সঞ্চয়, সরকার প্রদত্ত প্রনোদনা ও প্রাপ্ত ব্যাংক সুদসহ) প্রধান কার্যালয়ের আওতায় খোলা বাংলাদেশ কৃষি ব্যাংক, কাওরান বাজার শাখা, ঢাকায় KISHORI SANCHAY TOHOBIL, IRESPPW-2ND PHASE, BRDB, DHAKA হিসাব নম্বর- SND-41010320001029-তে স্থানান্তরপূর্বক প্রমাণকসহ সংযুক্ত ছক মোতাবেক তথ্য আগামী ০৫/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করার অনুরোধ করা হলো। উল্লেখ্য, ৩১/১০/২০২৪ তারিখের পরবর্তীতে জমাকৃত কিশোরীদের সঞ্চয়ের অর্থ মাসিক ভিত্তিতে বর্ণিত ব্যাংক হিসাবে প্রেরণযোগ্য হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন-০২৪১০১০৩৪৩
iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা....., জেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৫. অফিস নথি।

দরিদ্র মহিলাদের জন্য সমাধিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপেট)-২য় পর্যায় প্রকল্প
হাইস্কুলগামী কিশোরীদের সংখ্যা ও প্রাণোদনার তথ্য (৩০ জুন, ২০২৪ পর্যন্ত)

উপজেলা:

জেলা:

কিশোরীর সংখ্যা	জমাকৃত সংখ্যা	প্রাণ প্রাণোদনা	প্রাণ ব্যংক সুদ	মোট জমা	২৮ বছর পূর্তিতে ফেরত			স্থিতি			বাংক জমা				
					জন	সংখ্যা	প্রাণোদনা	মোট ফেরত	জন	সংখ্যা	প্রাণোদনা	মোট স্থিতি	সংখ্যা হিসাবে	স্থায়ী হিসাবে	মোট জ
১	২	৩	৪	৫(২+৩+৪)	৬	৬	৭	৯(৭+৬)	১০(৬-৬)	১১(৭-৭)	১২(৩-৬)	১৩(৬-৬)	১৪	১৫	১৬(১৪+১৫)

হিসাব সত্কারী

সত্কারী পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

